## নিবন্ধীকরণ কার্যালয়ের অবস্থান

| | |
|---|---|
| অ্যাবিংডন (Abingdon) | Roysse Court, Bridge Street |
| ব্যানবেরি (Banbury) | Bodicote House, Bodicote |
| বাইচেস্টার (Bicester) | The Garth, Launton Road |
| ডিডকট (Didcot) | 197 Broadway |
| হেনলি (Henley) | Regatta Court, Northfield End |
| অক্সফোর্ড (Oxford) | 1 Tidmarsh Lane |
| অক্সফোড (Oxford) | John Radcliffe Hospital |
| ওয়ান্টেজ (Wantage) | Civic Centre, Portway |
| উইট্নি (Witney) | Council Offices, Woodgreen |

অক্সফোর্ড রেজিস্টার অফিস সোম-বৃহস্পতি সকাল 9টা থেকে বিকাল 4.30 পর্যন্ত এবং শুক্রবার সকাল 9টা থেকে বিকাল 4টে অবধি খোলা থাকে। অন্যান্য অফিসে রেজিস্ট্রারদের উপলভ্যতা, অ্যাপয়েন্টমেন্ট, তথ্য ও পরামর্শের জন্য অনুগ্রহ করে **0845 129 5900** নম্বরে টেলিফোন করুন। অথবা আপনি বিকল্প হিসাবে অনলাইনে *www.oxfordshire.gov.uk* ও deaths -এ গিয়ে নিজের অ্যাপয়েন্টমেন্ট নিতে পারেন।

**এই প্রকাশনার বিকল্প ফরম্যাটগুলিও**
**অনুরোধের মাধ্যমে উপলব্ধ।**
**এর মধ্যে আছে অন্যান্য ভাষা, বড় হরফে মুদ্রণ,**
**ব্রেইল, অডিও ক্যাসেট, কম্পিউটার ডিস্ক বা ই-মেল**
**অনুগ্রহ করে 0845 129 5900-এ ফোন করুন**

*100% পুনর্ব্যবহারোপযোগী কাগজ*
*উদ্ভিদ ভিত্তিক কালির সাহায্য মুদ্রিত*

*মুদ্রক* : অক্সফোর্ডসায়ার কাউন্টি কাউন্সিলস্ ডিজাইন অ্যান্ড প্রিন্ট ইউনিট।
আপনার সকল প্রকার ডিজাইন এবং মুদ্রণের প্রয়োজনীতা পূরণের জন্য একটি দ্রুত, দক্ষ পরিষেব
ফোন : (01865) 815672 • ফ্যাক্স : (01865) 204309 C12 6-04 (06/07)

# কিভাবে মৃত্যু নিবন্ধীকরণ করতে হয়



## মৃত্যু নিবন্ধীকরণ

যদি করোনার (সন্দেহজনক মৃত্যুর তদন্তকারী) যুক্ত না থাকেন তাহলে মৃত্যুর 5 দিনের মধ্যে অবশ্যই মৃত্যু নিবন্ধীকরণ করতে হয়। আপনি যদি অক্সফোর্ডশায়ারে মৃত কোন ব্যক্তির মৃত্যু নিবন্ধীকরণ করেন তাহলে আপনাকে এই কাউন্টির কোন একটি নিবন্ধীকরণ কার্যালয়ে উপস্থিত হতে হবে। আপনার পক্ষে যে অফিসটি সুবিধাজনক হবে আপনি সেটিতেই যেতে পারেন। (অনুগ্রহ করে বিশদ বিবরণের জন্য পুস্তিকার পশ্চাতে দেখুন।)

প্রথমে আপনাকে অ্যাপয়েন্টমেন্ট নেওয়ার জন্য হেল্পডেস্কে টেলিফোন করতে হবে - এই নম্বরটি হল **0845 129 5900.** হেল্পডেস্কের কর্মীরা আপনার অ্যাপয়েন্টমেন্টের বন্দোবস্ত করবেন, আপনাকে কি কি সাথে করে নিয়ে আসতে হবে তা জানাবেন এবং আপনার কোন প্রশ্ন বা সমস্যা থাকলে আপনাকে সেই বিষয়ে সহায়তা দেবেন।

আপনি অনলাইনে *www.oxfordshire.gov.uk* ও deaths -এ গিয়ে নিজের অ্যাপয়েন্টমেন্ট নিতে পারেন।

যদি কোন একটি অক্সফোর্ড র‍্যাডক্লিফ হসপিটালে মৃত্যু ঘটে থাকে তাহলে জন র‍্যাডক্লিফ হসপিটালে মৃত্যু নিবন্ধীকরণ করার জন্য বিরীভমেন্ট অফিসার আপনার হয়ে অ্যাপয়েন্টমেন্ট নির্দিষ্ট করে দিতে পারেন।

### কে মৃত্যু নিবন্ধীকরণ করতে পারেন ?

মৃত ব্যক্তির কোন আত্মীয়।

### কোন আত্মীয় না থাকলে কে মৃত্যু নিবন্ধীকরণ করতে পারেন ?

- মৃত্যুর সময়ে উপস্থিত ছিলেন এমন কোন ব্যক্তি
- যে স্থানে মৃত্যু ঘটেছিল তার বাসিন্দা
- যে ব্যক্তি সৎকারের আয়োজন করছেন।

### মৃত ব্যক্তির সম্বন্ধে রেজিস্ট্রার কি তথ্য জানতে চাইবেন ?

- মৃত্যুর তারিখ ও সময়
- তাদের সম্পূর্ণ নাম এবং তারা যদি অপর কোন নামে পরিচিত হয়ে থাকেন (বিবাহিত মহিলার ক্ষেত্রে বিবাহের পূর্ববর্তী নাম)
- তাদের জন্মের স্থান ও তারিখ
- তাদের পেশা (বিবাহিত হলে বিধবা বা বিপত্নীক নাকি আইনসম্মত সঙ্গী, তাদের স্বামী বা স্ত্রী বা আইনসম্মত সঙ্গীর সম্পূর্ণ নাম ও পেশা)
- তাদের প্রথাগত ঠিকানা
- তারা কি কোন সরকারী পেনশন পাচ্ছিলেন ? (জানা থাকলে রেফারেন্স নম্বর)
- জীবিত স্বামী বা স্ত্রী বা আইনসম্মত সঙ্গীর জন্মের তারিখ
- NHS নম্বর বা মেডিকেল কার্ড, যদি থাকে।

### আমার কাছে যদি তাদের সকল তথ্য না থাকে তাহলে কি হবে ?

প্রয়োজনীয় তথ্যগুলি আপনার জ্ঞান ও বিশ্বাস অনুসারে সেরাভাবে প্রদান করতে হয়। আপনার কাছে যদি এই সকল তথ্যগুলি না থাকে তাহলে অ্যাপয়েন্টমেন্টের জন্য টেলিফোন করার সময়েই অনুগ্রহ করে ব্যাখ্যা করুন এবং আপনাকে এই বিষয়ে পরামর্শ দেওয়া হবে।

### অ্যাপয়েন্টমেন্ট কতক্ষণ দীর্ঘ হবে ?

রেজিস্ট্রারের সাথে সাক্ষাতে প্রায় 30 মিনিট সময় লাগবে।

### কি কি সার্টিফিকেট জারি করা হয় ?

- কবর দেওয়া বা দাহ করার জন্য সার্টিফিকেট (যা সবুজ ফর্ম নামে পরিচিত), এটা সৎকার পরিচালনাকারীর (ফিউনেরাল ডিরেক্টর) দরকার হবে
- বেনিফিট্স এজেন্সির জন্য একটি সার্টিফিকেট (মৃত ব্যক্তির রাষ্ট্রীয় পেনশন ও অন্য যে কোন রাষ্ট্রীয় ভাতা বাতিল করার জন্য আপনাকে এটি পূরণ করে পাঠিয়ে দিতে হবে)
- মৃত্যুর সার্টিফিকেট - অন্যান্য উদ্দেশ্যের জন্য (উইল, প্রোবেট, ব্যাঙ্কের অ্যাকাউন্ট, বিমা ইত্যাদি সামলানোর সময়ে) মৃত্যু নিবন্ধীকরণের প্রমাণপত্র প্রয়োজন হতে পারে। এই সার্টিফিকেটগুলির জন্য সামান্য মূল্য দিতে হয়

### সন্দেহজনক মৃত্যুর তদন্ত করা হলে কি ঘটবে ?

করোনারের অফিস আপনাকে আপনার করণীয় সম্বন্ধে জানাবে।

### মৃত্যুটিকে যদি করোনারের কাছে পাঠাতেই হয় তাহলে কি ঘটবে ?

করোনারের অফিসার বা রেজিস্ট্রার আপনাকে পরামর্শ দেবেন।

### আমি যদি মৃত্যু নিবন্ধীকরণের জন্য অক্সফোর্ডশায়ার নিবন্ধীকরণ কার্যালয়ে যেতে না পারি তাহলে ?

**0845 129 5900** নম্বরে হেল্পডেস্কে টেলিফোন করুন, তারা আপনাকে পরামর্শ দেবেন।

এই পুস্তিকাটি শুধুমাত্র সাধারণ নির্দেশের জন্য জারি করা হয়েছে এবং এটি আইনের সম্পূর্ণ বিবৃতি নয়।

### মন্তব্য ও অভিযোগ

আমরা আমাদের গ্রাহকদের কাছে থেকে পাওয়া মন্তব্যগুলিকে স্বাগত জানাই, তা সেগুলি ইতিবাচক বা নেতিবাচক যাই হোক না কেন, এবং যখনই সম্ভব হবে আমাদের পরিষেবার উন্নতিকরণের জন্য সেগুলিকে ব্যবহার করব। যদি আপনার কোনো মন্তব্য বা অভিযোগ থাকে তাহলে অনুগ্রহ করে যোগাযোগ করুন :

The Superintendent Registrar, Oxford Register Office, 1 Tidmarsh Lane,
Oxford, OX1 1 NS বা ই-মেল : *registeroffice@oxfordshire.gov.uk*